# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ মক্কা বিজয়ের যুদ্ধ (غَزْوَةُ فَتْحِ مَكَّةَ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

বিজয়োত্তর শোকরানা সালাত (صَلَاةُ الْفَتْحِ أَوْ صَلَاةُ الشُّكْرِ):

সে দিনই রাসূলুল্লাহ (ﷺ) উম্মু হানী বিনতে আবূ ত্বালীবের ঘরে গমন করেন। সেখানে গোসল করেন এবং তাঁর ঘরেই আট রাকাত সালাত আদায় করেন। সূর্যোদয় ও দ্বিপ্রহরের মধ্যবর্তী সময়ে তিনি এ সালাত আদায় করেন। এ কারণেই কেউ কেউ বিজয়োত্তর শোকরানা চাশতের সালাত বলে ধারণা করেছেন। উম্মু হানী তাঁর দুজন দেবরকে আশ্রয় দিয়ে রেখেছিলেন। রাসূলুল্লাহ (ﷺ) বললেন, (قَدْ أَجَرْنَا مَنْ أَجَرْتِ يَا أُمَّ هَانِئٍ)  ‘হে উম্মু হানী তুমি যাদেরকে আশ্রয় দিয়েছ আমিও তারেকে আশ্রয় দিলাম।’ তাঁর এ ঘোষণার কারণ ছিল উম্মু হানীর ভাই আলী (রাঃ) বিন আবূ ত্বালিব এ দুজনকে হত্যা করতে চেয়েছিলেন। এ কারণে উম্মু হানী এ দুজনকে ঘরের দরজা বন্ধ করে গোপনে রেখেছিলেন। নাবী কারীম (ﷺ) যখন সেখানে গমন করলেন তখন তাদের সম্পর্কে জিজ্ঞেস করলেন এবং উপর্যুক্ত এ ঘোষণা দিলেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6394

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন